

বহুনির্বাচনি

[দ্রষ্টব্য : প্রত্যেক প্রশ্নের মান-১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১। কত সালে বড় করে শহিদ মিনার তৈরি করা হয়?
ক) ১৯৫২ খ) ১৯৫৮
গ) ১৯৬৩ ঘ) ১৯৬৬
- ২। কে ঢাকা মেডিকেল কলেজে চিকিৎসাধীন অবস্থায় মারা যান?
ক) আবদুস সালাম খ) আবুল বরকত
গ) আব্দুল জব্বার ঘ) রফিক উদ্দিন
- ৩। ২১ দফা কর্মসূচির মধ্যে ছিল-
i. জমিদারি প্রথা বাতিল
ii. পাট শিল্প জাতীয়করণ
iii. অবৈতনিক ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা দান
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii
- ৪। সর্বদলীয় 'ছাত্র সংগ্রাম পরিষদ' গঠন করা হয়-
ক) ১৯৫১ সালের ফেব্রুয়ারি মাসে
খ) ১৯৬৬ সালের মার্চ মাসে
গ) ১৯৬৯ সালের জানুয়ারি মাসে
ঘ) ১৯৭০ সালের ডিসেম্বর মাসে
- ৫। ছায়ানট প্রতিষ্ঠিত হয়?
ক) ১৯৫৪ সালে খ) ১৯৫৮ সালে
গ) ১৯৬১ সালে ঘ) ১৯৬৫ সালে
- ৬। শহিদ আসাদুজ্জামান আসাদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগের ছাত্র ছিলেন?
ক) সমাজবিজ্ঞান খ) অর্থনীতি
গ) ইতিহাস ঘ) রাষ্ট্রবিজ্ঞান
- ৭। কোন সংস্থাটি ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা দেয়?
ক) ইউএনডিপি খ) ইউনেস্কো
গ) ইউনিসেফ ঘ) অছি পরিষদ
- ৮। রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মশতবার্ষিকী পালন করা হয়?
ক) ১৯৫৬ সালে খ) ১৯৬০ সালে
গ) ১৯৬১ সালে ঘ) ১৯৬৩ সালে
- ৯। পাকিস্তানিরা কোন হরফে বাংলা লেখার চেষ্টা অব্যাহত করেছিল?
ক) আরবি খ) উর্দু
গ) ফারসি ঘ) রোমান
- ১০। ১৯৫৪ সালের নির্বাচনে কতটি দল অংশগ্রহণ করে?
ক) ১০ খ) ১২
গ) ১৪ ঘ) ১৬
- ১১। কত সালে আগরতলা মামলা প্রত্যাহার করে নেওয়া হয়?
ক) ১৯৬৫ খ) ১৯৬৬
গ) ১৯৬৮ ঘ) ১৯৬৯
- ১২। ফলের রস কোন ধরনের খাদ্য?
ক) রপ্তানিযোগ্য খাদ্য খ) শিশু খাদ্য
গ) দুধ জাতীয় খাদ্য ঘ) প্রক্রিয়াজাতকরণ খাদ্য
- নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :
সবুজ মিয়া বাড়িতে বিভিন্ন ডিজাইনের তাঁতবস্ত্র উৎপাদন করে পাইকারিমূল্যে শহরের বিভিন্ন বস্ত্রালয়ে বিক্রি করে। এর থেকে যা আয় হয় তা দিয়ে সংসারের খরচ এবং সন্তানদের লেখাপড়া চালান।
- ১৩। উদ্দীপকের কোন শিল্পটিকে নির্দেশ করে?
ক) বৃহৎ শিল্প খ) কুটির শিল্প
গ) ক্ষুদ্র শিল্প ঘ) মাঝারি শিল্প
- ১৪। সবুজ মিয়ার জন্য উক্ত শিল্প অবদান রাখতে পারে-
i. পরিবারের আয় বৃদ্ধি করে
ii. পরিবারের সদস্যদের দক্ষতা বৃদ্ধি করে
iii. পরিবারে দরিদ্রতা দূর করে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii
- ১৫। কোনটি এক সময় আমাদের দেশের প্রধান শিল্প ছিল?
ক) তাঁত শিল্প খ) পাট শিল্প
গ) পোশাক শিল্প ঘ) কুটির শিল্প
- ১৬। জেনোম কী?
ক) মৃত্যু রহস্য খ) পোকা রহস্য
গ) জন্ম রহস্য ঘ) জিন রহস্য
- ১৭। কীভাবে উন্নত দেশ নির্ধারণ করা হয়?
ক) আমদানির চেয়ে রপ্তানি কম হলে
খ) আমদানির চেয়ে রপ্তানি বেশি হলে
গ) শিক্ষার হার বেশি হলে
ঘ) শিল্প কলকারখানা বেশি থাকলে
- ১৮। কোন শিল্প অর্থনীতির মেরুদণ্ড হিসেবে কাজ করে?
ক) বৃহৎ শিল্প খ) কুটির শিল্প
গ) ক্ষুদ্র শিল্প ঘ) মাঝারি শিল্প
- ১৯। নিচের কোনটি মাঝারি শিল্প?
ক) মিষ্টির প্যাকেট তৈরি করা খ) প্লাস্টিকের কারখানা
গ) হিমাগার ঘ) খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প

সৃজনশীল

১। বৈষম্য-১ : ১৯৬৫ সালে ভারত-পাকিস্তানের মধ্যে যুদ্ধ শুরু হলে পূর্ব বাংলার মানুষ নিরাপত্তাহীনতায় ছিল। ফলে এদেশের মানুষের মধ্যে এক ধরনের ক্ষোভ সৃষ্টি হয়।

বৈষম্য-২ : পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে এ বৈষম্যটি প্রকট আকার ধারণ করেছিল। এ বৈষম্যের উদাহরণ দিতে গিয়ে সে সময়ে ব্যবহৃত একটি প্রতীকী পোষ্টার উপস্থাপন করা হয়। যেখানে একটি গরু পূর্ব বাংলায় ঘাস খাচ্ছে আর দুধ দোহন করে নিয়ে যাচ্ছে পশ্চিম পাকিস্তানিরা।

ক) ঐতিহাসিক আগরতলা মামলাটির নাম কী ছিল?

১

খ) 'ব্যালট বিপ্লব' বলতে কী বোঝায়?

২

গ) উদ্দীপকের বৈষম্য-১ এর ব্যাখ্যা দাও।

৩

ঘ) বৈষম্য-২ এর কারণে উৎপাদন হয় পূর্ব-পাকিস্তানে আর টাকা চলে যায় পশ্চিম পাকিস্তানে- কথাটি বিশ্লেষণ কর।

৪

২।



চিত্র-১ : কৃষক আলু ক্ষেতে কাজ করছেন



চিত্র-২ : ফেরিওয়াল চুড়ি বিক্রি করছেন

ক) অর্থনৈতিক কার্যক্রম কাকে বলে?

১

খ) মাঝারি শিল্প বলতে কী বোঝায়?

২

গ) চিত্র-১ এর কাজটি অর্থনীতিতে কোন ধরনের কাজকে নির্দেশ করে তা ব্যাখ্যা দাও।

৩

ঘ) চিত্র-১ ও চিত্র-২ এর কাজ আমাদের অর্থনীতিতে যে ধরনের অবদান রাখছে তা বিশ্লেষণ কর।

৪